

স্নাতকোত্তর বাংলা অন্ত্য সেমেস্টার পরীক্ষা, ২০২৫

(দ্বিতীয় বর্ষ, দ্বিতীয় সেমেস্টার)

বাংলা বিভাগ

কোর্স : বাংলা/পিজি/৪.৪

বিষয় : পাশ্চাত্য সাহিত্যতত্ত্ব

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

প্রতিটি বর্গ থেকে অন্তত একটি করে প্রশ্ন নিয়ে যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১০×৩ = ৩০

বর্গ - ১

১। অ্যারিস্টটল ট্রাজেডির বৃত্তগঠন সম্পর্কিত যে সূত্রগুলি পোয়েটিকস ও সম্পর্কিত তত্ত্বগ্রন্থে ব্যক্ত করেছেন তা সংক্ষেপে লিপিবদ্ধ করো। ১০

অথবা

২। ট্রাজেডির ব্যাখ্যায় কাথারসিসের প্রসঙ্গ আছে। এই প্রসঙ্গ নেহাতই তাত্ত্বিক, না এর পিছনে ছিল সমকালীন সমাজ সংস্কৃতিগত ভাবনার প্রতিফলন? ব্যাখ্যা করো। ১০

৩। ‘প্রিফেস টু দ্য লিরিক্যাল ব্যালাডস’-এ বর্ণিত কাব্যের সঙ্গে আবেগের সম্পর্ক বিষয়ক ওয়ার্ডসওয়ার্থের তত্ত্বটি লেখো। এ বিষয়ে তুমি কি ওয়ার্ডসওয়ার্থের সঙ্গে সহমত? তোমার মতামতের সপক্ষে যুক্তি পেশ করো। ১০

অথবা

৪। কবিতার ভাষা কেমন হওয়া বাঞ্ছনীয় এই বিষয়ে ওয়ার্ডসওয়ার্থ ‘লিরিক্যাল ব্যালাডসে’র মুখবন্ধে স্পষ্ট কিছু সূত্র দিয়েছেন। প্রসঙ্গটি নিজের ভাষায় লেখো। ১০

বর্গ - ২

৫। শিল্প-সাহিত্য কোনো অলৌকিক প্রেরণা থেকে উদ্ভূত নয়, তা আসলে সামাজিক দন্দ-সংঘাতের ছবি যা সমাজের অর্থনৈতিক কাঠামোর উপর ভর দিয়ে থাকে। মার্কসীয় দৃষ্টিতে শিল্প বিচারের এই গোড়ার কথাটি নিজের ভাষায় বুঝিয়ে দাও। ১০

অথবা

৬। মনোগ্রাহী, পছন্দসই সমাধান নয়, সাহিত্যিকের কাছে প্রত্যাশা হল রিয়ালিজম। এঙ্গেলসের প্রাসঙ্গিক চিঠি দুটির বয়ান মাথায় রেখে এই মন্তব্যটির গুরুত্ব বিচার করো। ১০

৭। ‘গল্প লেখক এবং ফ্যান্টাসি’ লেখাটিতে ফ্রয়েড যে প্রশ্নগুলি উত্থাপন করেছেন এবং তার যে উত্তর তিনি দিয়েছেন লেখা জুড়ে, সেগুলি নিজের ভাষায় সংক্ষেপে বিবৃত করো। ১০

অথবা

৮। ফ্রয়েডের মতে দিবাস্বপ্নের কাঠামোটি কেমন বুঝিয়ে দাও। জনতোষ আখ্যান এবং দিবাস্বপ্নের কাঠামোর সাদৃশ্য ফ্রয়েড অবলম্বনে বুঝিয়ে দাও। ১০

৯। লেখককে পরিহার করা নয়, বার্তের উদ্দেশ্য ছিল নিষ্ক্রিয় গ্রাহক সত্তার বদলে সক্রিয় রচয়িতা হিসেবে পাঠকের সামর্থ্য বৃদ্ধি। রলাঁ বার্তের পাঠ্য নিবন্ধ অনুসরণ করে এই মন্তব্যের সারবত্তা বিচার করো।

★ ★ ★